গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
প্রধান কার্যালয়
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.dnc.gov.bd

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বিভাগীয় কর্মকর্তাগণের সমন্বয়ে ডিসেম্বর, ২০২৫ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ হাসান মারুফ<br>মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |
| তারিখ ও সময় | : | ২১ ডিসেম্বর ২০২৫, দুপুর ০২ টা |
| সভার স্থান | : | প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষ |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন এবং পরিচালক (প্রশাসন) কে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক (প্রশাসন) ২০ নভেম্বর, ২০২৫ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কোন প্রকার সংযোজন বা বিয়োজন প্রস্তাব না থাকায় সর্বসম্মতক্রমে তা দৃঢ় করা হয়।

২. অত:পর বিগত সভার আলোচ্যসূচি অনুযায়ী সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় পর্যালোচনা করা হয় এবং নিম্নবর্ণিতভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td></tr>
<tr><td rowspan="6">১</td><td rowspan="6">অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনা</td><td rowspan="2">(ক) অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের বাৎসরিক প্রশিক্ষণসমূহ কর্মপরিকল্পনা অনুযায়ী নিশ্চিতকরণ</td><td>i) বিভাগীয় কার্যালয়সমূহকে প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী Need based প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে এবং প্রশিক্ষণসমূহ অবশ্যই আনুষ্ঠানিকভাবে আয়োজন করতে হবে। এতদসংশ্লিষ্ট প্রমাণক যথাযথভাবে সংরক্ষণ করতে হবে ও প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। প্রদত্ত প্রশিক্ষণগুলির তথ্য নিম্নবর্ণিত ছক অনুযায়ী প্রেরণ করতে হবে:
<table>
<tr><th rowspan="2">কার্যালয়/ বিভাগের নাম</th><th colspan="2">প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী</th><th rowspan="2">প্রশিক্ষণার্থীর মোট সংখ্যা</th></tr>
<tr><th>প্রশিক্ষণের বিষয়</th><th>প্রশিক্ষণের সংখ্যা (ডিসেম্বর/২৫)</th></tr>
<tr><td></td><td></td><td></td><td></td></tr>
</table></td><td>অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল)/ সহকারী পরিচালক (কমন সার্ভিস)</td></tr>
<tr><td>ii) সকল ধরণের প্রশিক্ষণের পূর্বে মৌলিক ধারণাভিত্তিক মূল্যায়ণ ও প্রশিক্ষণ শেষে সার্বিক মূল্যায়নের ব্যবস্থাসহ পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>iii) ১৬-২০ নভেম্বর/২০২৫ পর্যন্ত ই-জিপি বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত অধিদপ্তরের প্রধান কার্যালয়ের ০৬ জন কর্মকর্তা পর্যায়ক্রমে মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীগণকে ই-জিপি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করবেন।</td><td>পরিচালক (প্রশাসন)/ অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল)/ সহকারী পরিচালক (কমন সার্ভিস)</td></tr>
<tr><td>(খ) মানিলন্ডারিং বিষয়ে তদন্ত কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে ওয়ার্কসপ আয়োজন</td><td>মানিলন্ডারিং মামলা তদন্ত কার্যক্রম বিষয়ে জানুয়ারি/২০২৬ মাসের মধ্যে একটি ওয়ার্কশপ আয়োজন করতে হবে। উক্ত ওয়ার্কশপে সিআইডি ও বিএফআইইউ'র প্রতিনিধিকে আমন্ত্রণ জানাতে হবে।</td><td>(অপারেশন্স)/ সহকারী পরিচালক (কমন সার্ভিস)</td></tr>
<tr><td>(গ) মাদক মামলার তদন্তের ক্ষমতাসম্পন্নদের জন্য বিশেষ প্রশিক্ষণ আয়োজন</td><td>মাদক মামলার তদন্তের ক্ষমতাসম্পন্ন কর্মকর্তাগণের জন্য বিভাগীয় পর্যায়ে জানুয়ারি/২০২৬ মাস থেকে আবাসিক প্রশিক্ষণ আয়োজন করতে হবে। এ ধরণের প্রশিক্ষণে বিজ্ঞ বিচারকগণকে/অবসরপ্রাপ্ত বিজ্ঞ বিচারকগণকে প্রশিক্ষক হিসেবে আমন্ত্রণ জানাতে হবে। প্রশিক্ষণের সিলেবাস/মডিউল অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের নেতৃত্বে অতিরিক্ত পরিচালকগণ প্রস্তুত করবেন।</td><td>পরিচালক (অপারেশন্স)/অতিরিক্ত পরিচালক (সকল)/ সহকারী পরিচালক (কমন সার্ভিস)</td></tr>
<tr><td>(ঘ) অধিদপ্তরের প্রাধিকারভুক্ত কর্মকর্তা-কর্মচারীগণের জন্য আগ্নেয়াস্ত্রের প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ</td><td>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (কর্মকর্তা-কর্মচারী) অস্ত্র সংগ্রহ ও ব্যবহার নীতিমালা ২০২৪ অনুযায়ী সারদা পুলিশ একাডেমীতে অধিদপ্তরের উপপরিদর্শক হতে উপপরিচালক পর্যন্ত ৩য় ব্যাচের প্রশিক্ষণ ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও রমজানের পর পরই ৪র্থ ব্যাচের প্রশিক্ষণ আয়োজনের উদ্যোগ গ্রহণ করতে হবে।</td><td>পরিচালক (অপারেশন্স)/ সহকারী পরিচালক (কমনসার্ভিস)</td></tr>
<tr><td>(ঙ)অধিদপ্তরের এনফোর্সমেন্ট স্টাফদের জন্য বাংলাদেশ পুলিশের পিআরবি'র আদলে রেগুলেশন বা বিধিমালা তৈরির উদ্যোগ গ্রহণ</td><td>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের এনফোর্সমেন্ট স্টাফদের মধ্যে শৃঙ্খলা বা চেইন অব কমান্ড বজায় রাখার জন্য বাংলাদেশ পুলিশের পিআরবি (পুলিশ রেগুলেশন অব বেঙ্গল) এর আদলে একটি রেগুলেশন বা বিধিমালা তৈরির নিমিত্ত পরিচালক (অপারেশন্স) এর নেতৃত্বে গঠিত ৫ সদস্য বিশিষ্ট কমিটি এতদসংক্রান্ত কার্যক্রম গ্রহণ করবেন এবং ৩১ ডিসেম্বর, ২০২৫ তারিখের মধ্যে মহাপরিচালক মহোদয় বরাবর এ সংক্রান্ত একটি খসড়া উপস্থাপন করবেন।</td><td>পরিচালক (অপারেশন্স)/বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট</td></tr>
</table>

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | (চ) এনফোর্সমেন্টে নিয়োজিত স্টাফদের শৃঙ্খলা ও দক্ষতা সমুন্নত রাখতে সারদায় প্রশিক্ষণপ্রাপ্ত এনফোর্সমেন্ট স্টাফদের দিয়ে স্ব স্ব আওতাধীন বিভাগের জেলাগুলোতে প্রশিক্ষণের ধারা অব্যাহত রাখা | i) এনফোর্সমেন্ট কাজে নিয়োজিত স্টাফদের শৃঙ্খলা ও দক্ষতা সমুন্নত রাখতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জেলা/মেট্রো:/বিশেষ জোন কার্যালয় পদায়নকৃত পরিদর্শক, উপপরিদর্শক, সহকারী উপপরিদর্শক এবং সিপাইগণের সপ্তাহে ০২ দিন অনুশীলন চলমান রাখতে হবে। প্রত্যেক জেলা কর্মকর্তা নিজে উপস্থিত থেকে তাদের অনুশীলন কার্যক্রম পর্যবেক্ষণ করবেন। এ সকল প্রশিক্ষণের প্রমাণক হিসেবে ছবি সংরক্ষণ করতে হবে এবং তথ্যাদি প্রতিমাসে নিয়মিতভাবে পরিচালক (প্রশাসন) বরাবর প্রেরণ করতে হবে।<br>ii) অধিদপ্তরের এনফোর্সমেন্ট স্টাফদের শারীরিক ফিটনেস বজায় রাখতে পুলিশ ট্রেনিং সেন্টারসমূহে প্রতি ব্যাচে ৩০ জন স্টাফকে ইনসার্ভিস প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণের জন্য অধিদপ্তর হতে ০৯/১১/২০২৫ তারিখ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। প্রেরিত প্রস্তাবের বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | পরিচালক (প্রশাসন/অপারেশন্স) অতিরিক্ত পরিচালক (সকল) |
| | | (ছ) পার্সোনাল ডাটাসীট (PDS) হালনাগাদকরণ | অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীগণের পার্সোনাল ডাটাসীট হালনাগাদ রাখতে হবে। কোন কর্মকর্তা-কর্মচারী বদলী/যোগদানের সাথে সাথেই পার্সোনাল ডাটাসীট হালনাগাদ করতে হবে। এতদসংশ্লিষ্ট নতুন প্রস্তুতকৃত HRM সফটওয়ারের মাধ্যমে পার্সোনাল ডাটাসীট দ্রুত হালনাগাদ করতে হবে। | প্রোগ্রামার/ সহকারী পরিচালক (প্রশাসন) |
| | | (জ) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী একই কর্মস্থলে ৩ বছরের উর্ধ্বে কর্মরতদের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ | একই কর্মস্থলে ৩ বছরের উর্ধ্বে কর্মরত স্টাফদের বিষয়ে অধিদপ্তরের সংশ্লিষ্ট বদলী কমিটি কর্তৃক মহাপরিচালক মহোদয়ের সাথে আলোচনাক্রমে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের পর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | অধিদপ্তরের সংশ্লিষ্ট বদলী কমিটি |
| ২ | কর্মকর্তা-কর্মচারীদের নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত | নিয়োগ কার্যক্রম ও পদোন্নতিযোগ্য কর্মকর্তা-কর্মচারীগণের পদোন্নতি প্রদানের ব্যবস্থা গ্রহণ | i) নিয়োগ বিধিমালা অনুযায়ী শূন্য পদের বিপরীতে যথাযথভাবে জনবল নিয়োগ ও পদোন্নতিযোগ্য কর্মকর্তা-কর্মচারীদের পদোন্নতি প্রদান কার্যক্রম গ্রহণ করতে হবে। এ বিষয়ে প্রতি সপ্তাহে সভা আয়োজন করতে হবে।<br>ii) যে সকল পদসমূহে দ্রুত জনবল নিয়োগ করা সম্ভব হচ্ছে না সে সকল পদে নিয়োগ বিধির বিধান সাপেক্ষে প্রেষণে জনবল পদায়নের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণ করতে হবে। | অতিরিক্ত মহাপরিচালক/ পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (প্রশাসন)/ সহকারী পরিচালক (প্রশাসন) |
| ৩ | মাদক মামলার বিষয়ে প্রসিকিউটরগণকে দায়িত্ব প্রদান ও জবকার্ড সংক্রান্ত | অধিদপ্তর কর্তৃক দায়েরকৃত মাদক মামলার বিষয়ে প্রসিকিউটরগণকে দায়িত্ব প্রদান ও জবকার্ড প্রস্তুত | i) অধিদপ্তর কর্তৃক দায়েরকৃত মাদক মামলা বিজ্ঞ আদালতে উপস্থাপনের জন্য প্রসিকিউটর ও সহকারী প্রসিকিউটরগণকে নিয়ে অতিরিক্ত পরিচালকগণ আলোচনা সভা আয়োজন করবেন এবং জেলাভিত্তিক দায়েরকৃত মাদক মামলার নথিসমূহ প্রসিকিউটর ও সহকারী প্রসিকিউটরগণকে বুঝিয়ে দেয়ারও প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন। | পরিচালক (অপারেশন্স)/ অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |
| | | | ii) প্রসিকিউটর ও সহকারী প্রসিকিউটরগণের দায়িত্ব কর্তব্য সম্পর্কিত জবকার্ড দ্রুত প্রস্তুত করে মাঠ পর্যায়ে প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রশাসন/অপারেশন্স) |
| | | | iii) পরিচালক (অপারেশন্স) বিভাগীয় অতিরিক্ত পরিচালকগণের সাথে আলোচনা করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাঠ পর্যায়ের প্রসিকিউশন শাখার নামকরণ নির্ধারণ করে আগামী সভায় উপস্থাপন করবেন। | পরিচালক (অপারেশন্স)/ উপপরিচালক (অপারেশন্স) |
| ৪ | মানিলন্ডারিং মামলা সংক্রান্ত | রুজুকৃত মানিলন্ডারিং মামলা ও অনুসন্ধান পর্যায়ে মানিলন্ডারিং মামলার হালনাগাদ অগ্রগতি দাখিল | i) অধিদপ্তর কর্তৃক রুজুকৃত ৫টি মানিলন্ডারিং মামলার মধ্যে ৪টি মামলার সিএস ইতোমধ্যে দাখিল করা হয়েছে। অবশিষ্ট ১টি মামলার সিএস এবং অনুসন্ধানরত ২৫টি মামলার অগ্রগতি জরুরিভিত্তিতে দাখিল করতে হবে। কোন প্রতিবন্ধকতার সম্মুখীন হলে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। অতিরিক্ত পরিচালকগণ স্ব স্ব অধিক্ষেত্রের আওতাধীন মামলাগুলোর কার্যক্রম মনিটরিং করবেন। | পরিচালক (অপারেশন্স)/ অতিরিক্ত পরিচালক (সকল) |
| | | | ii) অধিদপ্তরের অভিজ্ঞ কর্মকর্তাগণকে নিয়ে মানিলন্ডারিং মনিটরিং সেল গঠন করতে হবে। পরিচালক (অপারেশন্স) এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন। | |
| | | | iii) মানিলন্ডারিং মামলা অনুসন্ধান ও রুজু করা বিষয়ক গাইড লাইন/নির্দেশিকা প্রস্তুতের জন্য পরিচালক (অপারেশন্স) জানুয়ারি/২০২৫ মাসের মধ্যে একটি ওয়ার্কশপ আয়োজন করবেন। | |

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td></tr>
<tr><td rowspan="4">৫</td><td rowspan="4">মাদক মামলা/ অভিযান সংক্রান্ত</td><td>(ক) প্রমাপ অনুযায়ী মামলা দায়ের/উদঘাটন</td><td>i) নিয়মিত মামলা রুজুর হার বৃদ্ধির বিষয়ে পরিচালক (অপারেশন্স) প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন এবং মামলা দায়েরের প্রমাপ অনুযায়ী নিম্নবর্ণিত ছকে বিভাগভিত্তিক ডিসেম্বর/২০২৫ মাসের মামলার পরিসংখ্যান যথারীতি প্রেরণ করতে হবে:
<table>
<tr><th>কার্যালয়/বিভাগের নাম</th><th>মাসিক মামলার প্রমাপ (সংখ্যা)</th><th>দায়েরকৃত নিয়মিত মামলা (আলোচ্য মাসে)</th><th>দায়েরকৃত মোবাইল কোর্ট মামলা (আলোচ্য মাসে)</th><th>মোট মামলা</th><th>প্রমাপ অর্জিত হয়নি (জেলার নাম ও সংখ্যা)</th></tr>
</table></td><td>পরিচালক (অপারেশন্স)/ অতিরিক্ত পরিচালক (সকল)</td></tr>
<tr><td>(খ) বিচারাধীন মামলা নিষ্পত্তির রেকর্ড হালনাগাদ সংক্রান্ত</td><td>i) বিচারাধীন মামলা নিষ্পত্তির রেকর্ড হালনাগাদ রাখতে হবে। নিম্নবর্ণিত ছকে এ সংক্রান্ত বিভাগভিত্তিক পরিসংখ্যান প্রেরণ করতে হবে:
<table>
<tr><th>বিভাগের নাম</th><th>আদালতে মোট পেন্ডিং মামলা (সংখ্যা)</th><th>বিগত বছরের বিবেচ্য মাসে (ডিসেম্বর/২৪) নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা</th><th>ফৌ.কা.বি. এর ১৭৩ অনুযায়ী আদালতে তদন্ত প্রতিবেদন দাখিল</th><th>দায়েরকৃত নিয়মিত মামলা (ডিসেম্বর/২৫ মাসে)</th><th>দায়েরকৃত মামলায় ৫৬ ধারা ব্যবহার হয়েছে এমন মামলার সংখ্যা</th><th>নিষ্পত্তিকৃত মামলা</th><th>সাজা</th><th>খালাস</th></tr>
</table>
ii) প্রাপ্ত সমনের বিপরীতে সাক্ষ্য প্রদান বৃদ্ধি করতে হবে। প্রাপ্ত সমন ও প্রদানকৃত সাক্ষ্যের তুলনামূলক বিবরণী নিম্নবর্ণিত ছকে প্রেরণ করতে হবে। পাশাপাশি প্রসিকিউটর/সহকারী প্রসিকিউটর কর্তৃক সাক্ষ্য সংক্রান্ত রেজিস্টার (ফরওয়ার্ড ডায়েরি) সংরক্ষণ নিশ্চিত করতে হবে:
<table>
<tr><th rowspan="2">বিভাগের নাম</th><th rowspan="2">কর্মস্থলে ৩১ ডিসেম্বর পর্যন্ত প্রাপ্ত সমনের সংখ্যা</th><th rowspan="2">১-৩১ ডিসেম্বর পর্যন্ত মোট সাক্ষ্য প্রদানের ধার্য্য তারিখের সমন সংখ্যা</th><th colspan="4">মোট সাক্ষ্য প্রদান (সংখ্যা)</th><th rowspan="2">সাক্ষ্য প্রদানের হার (%)</th></tr>
<tr><th>নভেম্বর/২৫ (সংখ্যা)</th><th>ডিসেম্বর/২৪ (সংখ্যা)</th><th>ডিসেম্বর/২৫ (সংখ্যা)</th><th>বর্তমান কর্মস্থলে সাক্ষ্য প্রদান সংখ্যা (ডিসেম্বর/২৫)</th></tr>
</table>
iii) ধার্য তারিখের ১ম দিনেই সাক্ষ্য প্রদান করতে হবে। তবে কোন কারণে সাক্ষ্য দিতে না পারলে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। বিজ্ঞ আদালতের সম্মতি সাপেক্ষে একই তারিখে একাধিক মামলার সাক্ষ্য প্রদানের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। <u>বি: দ্র:</u> প্রতি মাসের প্রথম সোমবার পরিচালক (অপারেশন্স) বিভাগীয় ও জেলা প্রধানদের সমন্বয়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন অনুযায়ী রুজুকৃত মামলাসমূহের পর্যালোচনা সভা আয়োজন করবেন।<br>
iv) অধিদপ্তরের বিদ্যমান পোশাক বিধিমালা বহির্ভূত কোন ইউনিফর্ম পরিধান করা যাবে না। মাদকবিরোধী অভিযান পরিচালনার সময় ইউনিফর্মের সাথে সামঞ্জস্যপূর্ণ কটি পরিধানের বিষয় অন্তর্ভুক্ত করে বিদ্যমান পোশাক বিধিমালা প্রয়োজনীয় সংশোধন আনয়নের নিমিত্ত ১৭/১১/২০২৫ তারিখ পরিচালক (অপারেশন্স) এর নেতৃত্বে ৭ সদস্যবিশিস্ট কমিটি সংশোধন/হালনাগাদ করা হয়েছে। গঠিত কমিটি কার্যপরিধি অনুযায়ী ৩১ জানুয়ারি, ২০২৬ তারিখের মধ্যে এ সংক্রান্ত খসড়া/প্রতিবেদন মহাপরিচালক মহোদয় বরাবর উপস্থাপন করবেন।</td><td>পরিচালক (অপারেশন্স)/ অতিরিক্ত পরিচালক (সকল)</td></tr>
<tr><td>(গ) অধিদপ্তর কর্তৃক দায়েরকৃত মাদক মামলার রায়ের কপি প্রাপ্তির বিষয়ে কার্যক্রম গ্রহণ</td><td>i) অধিদপ্তর কর্তৃক দায়েরকৃত মাদক মামলার রায়ের কপি বিজ্ঞ আদালত হতে এ অধিদপ্তরে প্রেরণ করা হয় না। এতে মামলার রায়ের ফলাফল সম্পর্কে যথাসময়ে অবহিত না হওয়ার কারণে পরবর্তী কার্যক্রম যথাসময়ে গ্রহণ করা যায় না। যৌক্তিকতা তুলে ধরে এ বিষয়ে গত ০৩/১২/২০২৫ তারিখ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। প্রেরিত প্রস্তাবের বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।</td><td>পরিচালক (অপারেশন্স)</td></tr>
<tr><td>(ঘ) মাদক চোরাকারবারীদের তালিকা ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করা প্রয়োজন। পাশাপাশি মাসভিত্তিক তালিকা তৈরির উদ্যোগ গ্রহণ</td><td>i) বিভাগীয় অতিরিক্ত পরিচালক (সকল) গোয়েন্দা তথ্যের উপর ভিত্তি করে ১. মাদকের গডফাদার (পৃষ্ঠপোষক, অর্থলগ্নীকারী), ২. মাদক চোরাকারকারী, ৩. মাদক সরবরাহকারী এবং ৪. মাদকসেবীসহ মাদক সংশ্লিষ্টদের তালিকা ক্যাটাগরি অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে প্রধান কার্যালয়ের গোয়েন্দা শাখায় প্রেরণ করবেন। উক্ত তালিকা অতিরিক্ত পরিচালক (গোয়েন্দা) সমন্বয় এবং হালনাগাদপূর্বক প্রতিমাসে মহাপরিচালক মহোদয়কে অবহিত করবেন।</td><td>পরিচালক (অপারেশন্স)/ অতিরিক্ত পরিচালক (গোয়েন্দা)/ অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল)</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>ii) জেলাভিত্তিক মাদক কারবারীদের তালিকার ডাটাবেজ তৈরির নিমিত্ত জেলাভিত্তিক তালিকা স্ব স্ব বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে সমন্বয় করে প্রধান কার্যালয়ের গোয়েন্দা শাখার চাহিদা মোতাবেক গোয়েন্দা শাখায় আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।</td><td></td></tr>
<tr><td rowspan="3">৬</td><td rowspan="3">ওয়াকিটকি/ ওয়ারলেস সেটসমূহের কার্যকারিতা সচলকরণ সংক্রান্ত</td><td rowspan="3">মাঠ পর্যায়ে বিতরণকৃত ওয়াকিটকি/ওয়ারলেস সেটসমূহ সচলকরণে পদক্ষেপ গ্রহণ</td><td>i) ওয়াকিটকি/ওয়্যারলেস সেট ব্যবহারের নীতিমালা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। নীতিমালা প্রণীত হওয়ার পূর্ব পর্যন্ত অপারেশন্স অধিশাখা হতে ১০/১১/২০২৪ তারিখের ৪০৩২ সংখ্যক স্মারকমূলে প্রেরিত নির্দেশাবলী সংশ্লিষ্ট সকলকে অনুসরণ করতে হবে।</td><td>পরিচালক (প্রশাসন/অপারেশন্স)/ অতিরিক্ত পরিচালক (সকল)/ উপপরিচালক (প্রশাসন)/ সহকারী পরিচালক (ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন)</td></tr>
<tr><td>ii) পুলিশ বিভাগের টাওয়ার ব্যবহার করে সারাদেশের ওয়াকিটকি/ওয়ারলেস সেটগুলো দ্রুত চালু করার উদ্যোগ গ্রহণ করতে হবে। এ বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে পুলিশ অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।</td><td rowspan="2">পরিচালক (অপারেশন্স)/ উপপরিচালক (অপারেশন্স)</td></tr>
<tr><td>iii) অধিদপ্তরের আওতাধীন ঢাকা মেট্রোপলিটন এলাকার ওয়াকিটকি/ওয়্যারলেস সিস্টেম নিরবচ্ছিন্নভাবে পরিচালনার জন্য ঢাকায় সাময়িকভাবে প্রয়োজনীয় সংখ্যক কন্ট্রোল রুম স্থাপনের কার্যক্রম গ্রহণ করতে হবে।</td></tr>
<tr><td rowspan="4">৭</td><td rowspan="4">চিকিৎসা ও পুনর্বাসন সংক্রান্ত</td><td rowspan="4">(ক) বেসরকারি মাদকাসক্তি চিকিৎসা ও নিরাময় কেন্দ্রগুলোর সেবার মান বৃদ্ধি করতে মনিটরিং ও পরিদর্শন অব্যাহত রাখা এবং প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিতকরণ</td><td>i) বেসরকারি মাদকাসক্তি চিকিৎসা ও নিরাময় কেন্দ্রগুলোর চিকিৎসা সেবার মান বৃদ্ধির লক্ষ্যে অতিরিক্ত পরিচালকগণ নিম্নবর্ণিত প্রমাপ অনুযায়ী পরিদর্শন করবেন এবং বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রধান কার্যালয় প্রেরণ করবেন।
<table>
<tr><th rowspan="2">বিভাগের নাম</th><th rowspan="2">মোট নিরাময় কেন্দ্রের সংখ্যা</th><th colspan="2">অতিরিক্ত পরিচালকের পরিদর্শন</th></tr>
<tr><th>প্রমাপ</th><th>সংখ্যা</th></tr>
<tr><td></td><td></td><td></td><td></td></tr>
</table></td><td>পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/ অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল)</td></tr>
<tr><td>ii) ডোপটেস্ট এবং মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে চিকিৎসা গ্রহণকারী রোগীদের মাসিক তথ্য নিম্নবর্ণিত ছকে প্রেরণ করতে হবে:
<table>
<tr><th rowspan="2">কার্যালয়/বিভাগ</th><th rowspan="2">পূর্ববর্তী মাসে ডোপটেস্ট (সংখ্যা) (নভেম্বর/২৫</th><th rowspan="2">বিবেচ্য মাসে ডোপটেস্ট (সংখ্যা) (ডিসেম্বর/২৫)</th><th colspan="3">ডিসেম্বর/২৫ মাসে চিকিৎসা গ্রহণকারী রোগীর সংখ্যা</th></tr>
<tr><th>সরকারী</th><th>বেসরকারী</th><th>মোট</th></tr>
<tr><td></td><td></td><td></td><td></td><td></td><td></td></tr>
</table></td><td>পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/ অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল)</td></tr>
<tr><td>iii) ফেন্টানিলের অবাধ উৎপাদন, বিপনন ও বাজারজাতকরণ রহিতকরণের লক্ষ্যে কি ধরণের কার্যক্রম গ্রহণ করা যায় সে বিষয়ে সিলেট, রংপুর ও ময়মনসিংহ বিভাগের অতিরিক্ত পরিচালকগণ আগামী সভার পূর্বেই মহাপরিচালক বরাবর রাইটআপ প্রেরণ করবেন।</td><td>পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/ অতিরিক্ত পরিচালক, সিলেট/রংপুর/ ময়মনসিংহ</td></tr>
<tr><td>iv) ডোপটেস্ট বিধিমালার অগ্রগতির বিষয়ে মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে এবং সময় সময় মহাপরিচালক মহোদয়কে অবহিত করতে হবে।</td><td>পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)</td></tr>
<tr><td rowspan="2">৮</td><td rowspan="2">নিরোধ শিক্ষা কার্যক্রম</td><td rowspan="2">সমন্বিত কর্মপরিকল্পনার কার্যক্রমগুলো বাস্তবায়নের লক্ষ্যে মাঠপর্যায়ের গৃহীত কার্যক্রমগুলো সফটওয়্যার/ মোবাইল এ্যাপস এর মাধ্যমে নিয়মিত আপলোড করা</td><td>i) অতিরিক্ত পরিচালকগণ তার বিভাগ কর্তৃক সফটওয়্যারের মাধ্যমে সম্পাদিত সমন্বিত কর্মপরিকল্পনার কার্যক্রমের তথ্য আগামী সভায় উপস্থাপন করবেন। এ বিষয়ে নিরোধ শিক্ষা অধিশাখা কর্তৃক প্রস্তুতকৃত DAM-AMS নামীয় সফটওয়্যারের মাধ্যমে তথ্যাদি আপলোড করতে হবে এবং বিভাগভিত্তিক ডিসেম্বর/২৫ মাসের অগ্রগতি নিম্নবর্ণিত ছকে প্রেরণ করতে হবে:
<table>
<tr><th>বিভাগীয় কার্যালয়</th><th>বাস্তবায়ন অগ্রগতি</th></tr>
</table></td><td>পরিচালক (নিরোধ শিক্ষা)/ অতিরিক্ত পরিচালক (সকল)/ প্রোগ্রামার/ সহকারী পরিচালক (নিরোধ শিক্ষা)</td></tr>
<tr><td>ii) গণসচেতনতামূলক কার্যক্রমের অংশ হিসেবে অধিদপ্তর কর্তৃক প্রস্তুতকৃত টিভিসি/কার্টুনসমূহ টিভি চ্যানেলে প্রচারের পাশাপাশি অধিদপ্তরের ফেসবুক/ইউটিউব চ্যানেলে প্রচারের উদ্যোগ গ্রহণ করতে হবে। এ সংক্রান্ত তথ্য আপলোডের সাথে সাথে নিরোধ শিক্ষা অধিশাখা হতে মাঠ পর্যায়ে পত্র মারফত জানিয়ে দিতে হবে। এতদসংশ্লিষ্ট ৪ সদস্য বিশিষ্ট গঠিত সাব-কমিটি টিভিসি/কার্টুনসমূহ ফেসবুক/ইউটিউব চ্যানেলে আপলোডের জন্য নির্বাচন করবেন।</td><td>পরিচালক (নিরোধ শিক্ষা)/ প্রোগ্রামার/ সহকারী পরিচালক (নিরোধ শিক্ষা)</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>iii) স্কুল/কলেজ পর্যায়ের শিক্ষার্থীদের মধ্যে মাদকের কুফল সম্পর্কে সচেতন করার লক্ষ্যে স্কুল/কলেজ পর্যায়ে ডিসেম্বর/২০২৫ মাসের মধ্যে প্রত্যেক জেলায় কমপক্ষে ১টি করে মাদকবিরোধী বিতর্ক প্রতিযোগিতা আয়োজন সম্পন্ন করতে হবে।</td><td rowspan="2">পরিচালক (নিরোধ শিক্ষা)/ অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল)/ সহকারী পরিচালক (নিরোধ শিক্ষা)</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>iv) সর্বস্তরের জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টিতে প্রত্যেক জেলায় মাদকবিরোধী ফুটবল টুর্নামেন্ট আয়োজন করতে হবে। অতিরিক্ত পরিচালকগণ নিজ নিজ অধিক্ষেত্রে যথাযথভাবে ফুটবল টুর্নামেন্ট আয়োজন সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>v) কক্সবাজার এলাকায় মাদকবিরোধী স্লোগান সম্বলিত বিলবোর্ড স্থাপন করতে হবে। সেখানে কতগুলো বিলবোর্ড স্থাপন করা যাবে পরিচালক (নিরোধ শিক্ষা) কক্সবাজার জেলার উপপরিচালকের সাথে আলোচনাক্রমে তা নির্ধারণ করবেন।</td><td>পরিচালক (নিরোধ শিক্ষা)/ অতিরিক্ত পরিচালক, চট্টগ্রাম/ উপপরিচালক, কক্সবাজার</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>vi) মাদকবিরোধী গণসচেতনতামূলক সকল কার্যক্রমের বাজেটসহ কর্মপরিকল্পনা ও অগ্রগতি ১৫/০১/২০২৬ তারিখের মধ্যে মহাপরিচালক বরাবর উপস্থাপন করতে হবে।</td><td>পরিচালক (নিরোধ শিক্ষা)</td></tr>
<tr><td rowspan="2">৯</td><td rowspan="2">বিভাগীয় কর্মকর্তাদের অফিস পরিদর্শন সংক্রান্ত</td><td rowspan="2">বিভাগীয় কর্মকর্তাগণকে বাধ্যতামূলকভাবে প্রতি মাসে ০২টি অফিস পূর্ণাঙ্গ পরিদর্শন করে উক্ত প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিতকরণ</td><td>i) প্রত্যেক বিভাগীয় কর্মকর্তাগণ লক্ষ্যমাত্রা অনুযায়ী বা তার অধিক অফিস পরিদর্শন করবেন। পরিদর্শনকালে মামলার কার্যক্রম সঠিকভাবে যাচাই করতে হবে। পরিদর্শন শেষে সংশ্লিষ্ট সকলের উদ্দেশ্যে নির্দেশনামূলক ব্রিফিং প্রদান করবেন এবং ০৩ দিনের মধ্যে পরিদর্শন প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন। পরিদর্শনের পরিসংখ্যান নিম্নবর্ণিত ছকে প্রেরণ করতে হবে:
<table><tr><th>বিভাগের নাম</th><th>নভেম্বর/২৫ এ পরিদর্শনের সংখ্যা</th><th>ডিসেম্বর/২৫ এ পরিদর্শনের সংখ্যা</th><th>পরিদর্শনকৃত কার্যালয়ের নাম</th><th>সকল কর্মকর্তার মোট পরিদর্শন সংখ্যা</th></tr></table></td><td>পরিচালক (প্রশাসন)/ অতিরিক্ত পরিচালক (সকল)/ সহকারী পরিচালক (কমনসার্ভিস)</td></tr>
<tr><td>ii) বিধিমালা অনুযায়ী হোটেল বার/রেস্টুরেন্ট বার/ক্লাব বার/সিএস/এফএল প্রতিষ্ঠানগুলি লাইসেন্সের শর্ত মোতাবেক পরিচালিত হচ্ছে কিনা, মজুদ অনুযায়ী রেজিষ্টারে যথাযথভাবে লিপিবদ্ধ আছে কিনা তা যাচাই করতে হবে এবং অপারেশন্স শাখা থেকে প্রস্তুতকৃত ছক অনুসরণ করতে হবে। অতিরিক্ত পরিচালকগণ প্রয়োজন অনুযায়ী পরিদর্শন করবেন এবং কোন অনিয়ম পরিলক্ষিত হলে প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন। নিম্নবর্ণিত ছকে মাসিক তথ্য (ডিসেম্বর/২৫) প্রেরণ করতে হবে:
<table><tr><th>বিভাগের নাম</th><th>মোট বার ও দোকানের সংখ্যা</th><th>অতিরিক্ত পরিচালক কর্তৃক পরিদর্শনের সংখ্যা</th><th>উপপরিচালক/ অফিস প্রধান কর্তৃক পরিদর্শনের সংখ্যা</th><th>পরিদর্শক কর্তৃক পরিদর্শনের সংখ্যা</th><th>মোট পরিদর্শনের সংখ্যা</th></tr></table></td><td>পরিচালক (প্রশাসন/অপারেশন্স)/ প্রধান রাসায়নিক পরীক্ষক/ অতিরিক্ত পরিচালক (সকল)</td></tr>
<tr><td>১০</td><td>ডি-নথি কার্যক্রম সংক্রান্ত</td><td colspan="2">সিদ্ধান্ত (i) কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র (সিটিসি)/কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার (কেরাপ)/বিভাগীয় কার্যালয়/বিভাগীয় রাসায়নিক পরীক্ষাগার/বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র/জেলা/মেট্রো:/বিশেষ জোনসহ সকল কার্যালয় a2i এর সাথে যোগাযোগপূর্বক আবশ্যিকভাবে ডি-নথির মাধ্যমে দাপ্তরিক কার্যক্রম সম্পন্ন করতে হবে। কোন সমস্যার সম্মুখীন হলে অধিদপ্তরের প্রোগ্রামারের সাথে যোগাযোগ করে সমস্যা সমাধান করতে হবে।<br>সিদ্ধান্ত (ii) যে সকল কার্যালয়ে এখনও ই-নথি/ডি-নথি কার্যক্রম শুরু হয়নি ঐ সকল কার্যালয়ে আবশ্যিকভাবে নভেম্বর/২৫ মাসের মধ্যে ই-নথি/ডি-নথি কার্যক্রম চালু করতে হবে এবং ই-নথি/ডি-নথির মাধ্যমে আবশ্যিকভাবে ৫০% নিষ্পত্তি করতে হবে। এ সংক্রান্ত মাসিক তথ্যাদি নিম্নবর্ণিত ছকে প্রেরণ করতে হবে:
<table><tr><th rowspan="2">বিভাগের নাম</th><th rowspan="2">ডি-নথিতে নিষ্পত্তি (সংখ্যা) (ডিসেম্বর/২৫)</th><th rowspan="2">হার্ড ফাইলে নিষ্পত্তি (সংখ্যা) (ডিসেম্বর /২৫)</th><th rowspan="2">মোট নিষ্পত্তি (সংখ্যা) (ডিসেম্বর/২৫)</th><th colspan="2">নিষ্পত্তির শতকরা হার (%)</th><th rowspan="2">যে কার্যালয়ে ই-নথি/ডি-নথি চালু হয়নি তার নাম</th></tr><tr><th>ই-নথি/ ডি-নথি (%)</th><th>হার্ড ফাইল (%)</th></tr></table></td><td>পরিচালক (প্রশাসন)/ চীফ কনসালটেন্ট/ প্রধান রাসায়নিক পরীক্ষক/ অতিরিক্ত পরিচালক (সকল)</td></tr>
<tr><td>১১</td><td>তথ্য বাতায়ন হালনাগাদকরণ</td><td colspan="2">সিদ্ধান্ত: অধিদপ্তরের প্রধান কার্যালয় এবং এর আওতাধীন সকল কার্যালয়ের (কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র/কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার/বিভাগীয় কার্যালয়সমূহ/জেলা/মেট্রো:/বিশেষ জোন/বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র/বিভাগীয় রাসায়নিক পরীক্ষাগার) তথ্য বাতায়ন প্রধান কার্যালয়ের প্রোগ্রামার কর্তৃক প্রতি রবিবার হালনাগাদ যাচাই করতে হবে। মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ প্রতি বরিবারের পূর্বেই স্ব স্ব কার্যালয়ের তথ্য বাতায়ন হালনাগাদ করবেন।</td><td>পরিচালক (প্রশাসন)/ প্রোগ্রামার/মাঠ কার্যালয়ের সকল অফিস প্রধান</td></tr>
</table>

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১২ | অধিদপ্তরের জমি সংক্রান্ত | **সিদ্ধান্ত (i)** অধিদপ্তরের মাঠ পর্যায়ে সকল কার্যালয়ের নিজস্ব জমির নামজারি, রেকর্ড ও জরিপসহ অন্যান্য তথ্যাদি হালনাগাদ রাখতে হবে। জমির প্রতিবন্ধকতা না থাকা অবস্থায় ভূমি উন্নয়ন কর যথাসময়ে পরিশোধ না করলে সংশ্লিষ্ট কর্মকর্তা দায়ী থাকবে। এ সংক্রান্ত বিভাগভিত্তিক তথ্য নিম্নবর্ণিত ছকে প্রেরণ করতে হবে: | | পরিচালক (প্রশাসন)/ অতিরিক্ত পরিচালক (সকল) |

| বিভাগের নাম | জমির পরিমাণ | নামজারী সম্পন্নকৃত | বেদখলকৃত | বর্তমান অবস্থা (সংক্ষিপ্তভাবে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| | | **সিদ্ধান্ত (ii)** অধিদপ্তরের বেদখলকৃত জমির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য ২০ নভেম্বর/২০২৫ তারিখ উপপরিচালক (অপারেশন্স) এর নেতৃত্বে ৩ সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। গঠিত কমিটি এতদসংক্রান্ত অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করবেন। | | উপপরিচালক (অপারেশন্স)/ সহকারী পরিচালক (ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/কমন সার্ভিস) |
| | | **সিদ্ধান্ত (iii):** চট্টগ্রামের নাসিরাবাদে বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের জমি অধিগ্রহণের/হস্তান্তরের কার্যক্রম কোথায় পেন্ডিং তা খতিয়ে দেখতে হবে এবং পরিচালক (প্রশাসন) ও মহাপরিচালক মহোদয়কে অবহিত করতে হবে। | | উপপরিচালক/ সহকারী পরিচালক (ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন) |
| ১৩ | অধিদপ্তরের প্রকল্প সংশ্লিষ্ট কার্যক্রম | **সিদ্ধান্ত (i)** পাবনা জেলায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয় নির্মাণের জন্য প্রস্তাবিত জমির রেকর্ড সংশোধনের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। পাবনা জেলার জমির বিষয়ে হালনাগাদ তথ্য ও গৃহীত কার্যক্রম আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>**সিদ্ধান্ত (ii)** কুমিল্লা জেলায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয় নির্মাণের জন্য ১নং খতিয়ান ভুক্ত হওয়া জমি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নামে চিরস্থায়ী বন্দোবস্ত/বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। কুমিল্লা জেলার জমির বিষয়ে হালনাগাদ তথ্য ও গৃহীত কার্যক্রম আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>**সিদ্ধান্ত (iii)** অধিদপ্তরের আওতাধীন রংপুর, খুলনা ও ময়মনসিংহ বিভাগে রাসায়নিক পরীক্ষাগার স্থাপনের বিষয়ে ডিপিপি প্রণয়ন দ্রুত সম্পন্ন করতে হবে। | | পরিচালক (প্রশাসন)/ সহ:পরিচালক (ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন) |
| ১৪ | ই-জিপি সংক্রান্ত কার্যক্রম | অধিদপ্তরের সকল ক্রয় কার্যক্রম ই-জিপির মাধ্যমে সম্পাদনে কার্যকরী উদ্যোগ গ্রহণ করতে হবে। | | |
| ১৫ | অডিট আপত্তি নিষ্পত্তিকরণ | i) অধিদপ্তরের প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে সময় সময় দ্বি-পক্ষীয়/ত্রি-পক্ষীয় সভা আয়োজন করতে হবে। দ্বি-পক্ষীয়/ত্রি-পক্ষীয় সভার পূর্বে প্রি-অডিট করতে হবে।<br>ii) অডিট আপত্তি নিষ্পত্তির হার বৃদ্ধির কলাকৌশল জানার জন্য সংশ্লিষ্টদের প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করতে হবে। | | পরিচালক (প্রশাসন)/ সহকারী পরিচালক (কমন সার্ভিস/ অর্থ ও হিসাব) |
| ১৬ | অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) | অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫ (পরিমার্জিত ২০১৮) মোতাবেক অনলাইন ও অফলাইনে প্রাপ্ত অভিযোগ যথাসময়ে নিষ্পত্তি করতে হবে। | | অতিরিক্ত পরিচালক (গোয়েন্দা) |
| ১৭ | Report Management System (RMS) | সেবার তথ্যসমূহ অনলাইন Report Management System (RMS) এর মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করতে হবে। | | পরিচালক (প্রশাসন)/ সহকারী পরিচালক (প্রশাসন) |
| ১৮ | দেওয়ানী মামলা | বিভিন্ন আদালতে বিচারাধীন দেওয়ানী মামলাসমূহের নিষ্পত্তি ও অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত সংশ্লিষ্ট বিজ্ঞ প্যানেল আইনজীবীগণকে নিয়ে প্রতি মাসে সভা আয়োজন করতে হবে। | | পরিচালক (প্রশাসন)/ আইন কর্মকর্তা |
| ১৯ | বিবিধ | অধিদপ্তরের সামগ্রিক কর্মকান্ডে গতিশীলতা আনয়নে বিভিন্ন বিষয় আলোচনা করে ৪নং কলামে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | **সিদ্ধান্ত (i):** মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (কর্মকর্তা-কর্মচারী) অস্ত্র সংগ্রহ ও ব্যবহার নীতিমালা, ২০২৪ গত ২৪ নভেম্বর, ২০২৪ অনুমোদিত হয়। তৎপ্রেক্ষিতে অধিদপ্তরের প্রাধিকারভুক্ত কর্মকর্তা-কর্মচারীগণের জন্য আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ ক্রয়ের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।<br>**সিদ্ধান্ত (ii):** মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (কর্মকর্তা-কর্মচারী) অস্ত্র সংগ্রহ ও ব্যবহার নীতিমালা, ২০২৪ অনুযায়ী অধিদপ্তরের প্রাধিকারভুক্ত কর্মকর্তা-কর্মচারীগণের আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ যথাযথভাবে সংরক্ষণের জন্য অস্ত্রাগার তৈরির উদ্যোগ গ্রহণ করতে হবে। এ লক্ষ্যে টাইপ প্ল্যানসহ খরচের প্রাক্কলন তৈরি করতে হবে।<br>**সিদ্ধান্ত (iii):** পরিচালিত সকল মাদকবিরোধী অভিযানের তথ্য কেস রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে এবং ফলপ্রসু অভিযান পরিচালনা নিশ্চিত করতে হবে। মাদকবিরোধী অভিযান পরিচালনার সময় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ৫৬ ধারা বাস্তবায়নে অভিযানের স্থিরচিত্র ও ভিডিওধারণ করতে হবে।<br>**সিদ্ধান্ত (iv):** হোটেল বার/রেস্টুরেন্ট বার/ক্লাব বার/সিএস/এফএল প্রতিষ্ঠানগুলিতে অধিদপ্তর কর্তৃক অভিযান পরিচালনার সময় আবশ্যিকভাবে ভিডিওধারণ করতে হবে। প্রয়োজনে ঐ সকল প্রতিষ্ঠানের সিসিটিভি'র ডিভিআর খুলে/জব্দ করে নিয়ে আসতে হবে। | পরিচালক (অপারেশন্স)/ অতিরিক্ত পরিচালক (সকল)/ উপপরিচালক (ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন) |

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>সিদ্ধান্ত (v): অধিদপ্তরের আওতাধীন মাঠ পর্যায়ের সকল কার্যালয়ের জন্য প্রয়োজনীয় সংখ্যক ব্রাশ সীল প্রধান কার্যালয় থেকে প্রস্তুতের উদ্যোগ গ্রহণ করতে হবে। মহাপরিচালক ও অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সাথে আলোচনাক্রমে ব্রাশ সীলের নমুনার বিষয়টি চূড়ান্ত করতে হবে।</td><td>পরিচালক (অপারেশন্স)/ উপপরিচালক (অপারেশন্স)</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>সিদ্ধান্ত (vi): জব্দকৃত মাদকদ্রব্যের রাসায়নিক পরীক্ষার নমুনার প্রাপ্ত রিপোর্টের পরিসংখ্যান মাসিকভিত্তিতে প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট অধিশাখায় প্রেরণ করতে হবে। নিম্নবর্ণিত ছকে প্রতি মাসের তথ্য প্রেরণ করতে হবে:<table><tr><th>ক্র: নং</th><th>আলামতের নাম</th><th>সংখ্যা</th><th></th><th>মন্তব্য</th></tr><tr><td></td><td></td><td>পজেটিভ</td><td>নেগেটিভ</td><td></td></tr></table></td><td>পরিচালক (অপারেশন্স)/ অতিরিক্ত পরিচালক বিভাগীয় কার্যালয় (সকল)</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>সিদ্ধান্ত (vii): প্রিন্ট মিডিয়া, ইলেক্ট্রনিক মিডিয়া ও স্যোসাল মিডিয়ায় অধিদপ্তরের অর্জন, কর্মতৎপরতা এবং গুরুত্বপূর্ণ মামলা নিষ্পত্তি কিংবা সাজা প্রদানের তথ্য অধিক প্রচারের উদ্যোগ নিতে হবে। বিভাগীয় প্রধানগণ স্ব স্ব ওয়েবসাইটে এ সংক্রান্ত তথ্য আপলোড করবেন। মিডিয়ায় সতর্কতা ও পরিমিতিবোধ বিবেচনায় রেখে তথ্যসমৃদ্ধ এবং গ্রহণযোগ্য তথ্য তুলে ধরতে হবে। Whats App গ্রুপের মাধ্যমেও এ সংক্রান্ত তথ্যাদি আদান-প্রদান করা যেতে পারে।</td><td>পরিচালক (সকল)/ অতিরিক্ত পরিচালক (সকল)/ সহকারী পরিচালক (জনসংযোগ)</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>সিদ্ধান্ত (vii): প্রত্যেক বিভাগীয় গোয়েন্দা/জেলা/মেট্রো:/বিশেষ জোন কার্যালয় কর্তৃক প্রতি মাসে কমপক্ষে ২টি মামলার তথ্য অধিদপ্তরের NIMS সফটওয়্যারে আপলোড করতে হবে। সফটওয়্যারে মামলা তথ্যাদি আপলোডকালীন কোন সমস্যার সম্মুখীন হলে অতিরিক্ত পরিচালকগণ প্রোগ্রামারের সাথে যোগাযোগ করে সমাধানে সচেষ্ট থাকবেন। এ বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি স্ব স্ব বিভাগীয় প্রধানগণ আগামী সভায় উপস্থাপন করবেন।</td><td>অতিরিক্ত পরিচালক (সকল)/ প্রোগ্রামার</td></tr>
</table>

৩. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মো: হাসান মারুফ
২৯/১২/২০২৫
(মোঃ হাসান মারুফ)
মহাপরিচালক

স্মারক নম্বর: ৫৮.০২.০০০০.০০৫.০৬.০০১.২১- ৫০৭৬

তারিখ: ২৯ ডিসেম্বর, ২০২৫

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ: আ: অতিরিক্ত সচিব (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিশাখা)]
২. পরিচালক (প্রশাসন/অপারেশন্স/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৩. চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা
৪. প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা
৫. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ/রংপুর; অতিরিক্ত পরিচালক (গোয়েন্দা),মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৬. উপপরিচালক (প্রশাসন/অপারেশন্স/নিরোধ শিক্ষা/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা; উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন, .......
৭. বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৮. সিনিয়র কনসালটেন্ট, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা
৯. রাসায়নিক পরীক্ষক, বিভাগীয় রাসায়নিক পরীক্ষাগার, চট্টগ্রাম/বরিশাল/রাজশাহী/সিলেট/খুলনা/ময়মনসিংহ
১০. প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১১. সহকারী পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন/প্রশাসন/কমন সার্ভিস/জনসংযোগ/অপারেশন্স/নিরোধ শিক্ষা/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/গোয়েন্দা/গবেষণা ও প্রকাশনা/অর্থ ও হিসাব)/আইন কর্মকর্তা/হিসাবরক্ষণ কর্মকর্তা, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা; সহকারী পরিচালক, বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,..................
১২. রিহেবিলিটেশন কর্মকর্তা/মেডিকেল অফিসার, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা
১৩. সহকারী রাসায়নিক পরীক্ষক, বিভাগীয় রাসায়নিক পরীক্ষাগার, চট্টগ্রাম/বরিশাল/রাজশাহী/সিলেট/খুলনা/ময়মনসিংহ
১৪. মহাপরিচালকের স্টাফ অফিসার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৫. অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৬. অফিস কপি

২৯/১২/২০২৫
(মোঃ আব্দুল কাদের)
সহকারী পরিচালক (প্রশাসন)